গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## জানুয়ারি/২০২৪ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ১৫/০১/২০২৪, দুপুর ০১.০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট ''ক'' |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় ডিসেম্বর/২০২৩ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**০১। স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** ডিসেম্বর/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**০২। প্রকৌশল বিভাগ (এলজিইডি):** দ্বিতীয় বারের মতো নির্বাচিত হওয়ায় মাননীয় সংসদ সদস্য মহোদয়কে উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি অভিনন্দন জানান। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিম্নে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি (থোক বরাদ্দ) খাতে ১ম ও ২য় কিস্তিতে ৪৫.০০ লক্ষ টাকা পাওয়া গিয়েছে। এরূপ আরও দুই কিস্তিতে ২২.৫০x২=৪৫.০০ লক্ষ টাকা পাওয়ার সম্ভাবনা রয়েছে। মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী প্রাপ্ত বরাদ্দের ১০% অতিরিক্ত টাকার স্কীম গ্রহণ করার বিধান রয়েছে। তিনি জানান এডিপি (থোক বরাদ্দ) (৯০.০০+৯.০০)=৯৯.০০ লক্ষ টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) রাজস্ব উদ্বৃত্ত তহবিলে ৭,৬৭,২৮,৪৮৭.৩৮ টাকা জমা রয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাত ও উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচি রাজস্ব উদ্বৃত্ত খাত হতে ২০২৩-২০২৪ অর্থ বছরে স্কীম গ্রহণ করা জরুরী কারণ আসন্ন বর্ষা মৌসুমে এসব প্রকল্প বাস্তবায়ন ও তদারকি করা দুরূহ হয়ে যায়। এজন্য সংশ্লিষ্টগণকে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত-১: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। দ্রুত প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের সামনের দেয়াল উপরের দিকে বর্ধিতকরণ ও গেইট লাগানোর নিমিত্তে ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকার প্রাক্কলন উপস্থাপন করেন। এ ব্যাপারে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-২: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের সামনের দেয়াল উপরের দিকে বর্ধিতকরণ ও গেইট লাগানো বাবদ ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসা বাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।



CamScanner

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** : পুনরায় নির্বাচিত হওয়ায় মাননীয় সংসদ সদস্য মহোদয়কে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অভিনন্দন জানান। তিনি টিআর এবং কাবিখা-কাবিটা কর্মসূচীর ২য় কিস্তির বরাদ্দ অনুযায়ী তালিকা দ্রুত দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

০৪। **স্বাস্থ্য বিভাগ** : দ্বিতীয় বারের মতো নির্বাচিত হওয়ায় মাননীয় সংসদ সদস্য মহোদয়কে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে অভিনন্দন জানান। তিনি আরও জানান যে, দক্ষিণ সুরমা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জানুয়ারি মাসে বহি: বিভাগে: ১৪৯১ জন, অন্ত: বিভাগে : ৪১৩ জন, জরুরী বিভাগে: ১৯০২ জন রোগী সেবাগ্রহণ করেছেন। তাছাড়া নরমাল ডেলীভারী: ৫২ টি, সিজারিয়ান: ১১টি, মেজর সার্জারী: ১০টি, মাইনর সার্জারী: ৫৭৪টি করা হয়েছে। মা ও শিশু মৃত্যুর হাস হ্রাস করার জন্য উপজেলা হাসপাতালে নরমাল ডেলিভারী বৃদ্ধির জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার (ময়লা পোড়ানোর) জন্য একটি পিট নির্মাণ করা খুবই জরুরী। এ ব্যাপারে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ** : অনুপস্থিত।

০৬। **কৃষি বিভাগ** : উপজেলা কৃষি অফিসার মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অভিনন্দন জানান। তিনি বলেন লক্ষ্যমাত্রা অনুযায়ী বুরো ফসল চাষাবাদ হয়েছে।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ** : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অভিনন্দন ও শুভেচ্ছা জানান। উপজলো প্রাণিসম্পদ অফিসের সম্মুখের রাস্তা করে দেয়ার জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ জানান।

০৮। **মৎস্য বিভাগ** : উপজেলা মৎস্য কর্মকর্তা মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অভিনন্দন ও স্বাগত জানান। তিনি বলেন অত্র উপজেলায় প্রায় তিন হাজার পুকুর রয়েছে। অনেকেই জানেন না কিভাবে মাছ চাষ করতে হয়। এডিপি থেকে মাছ চাষের প্রশিক্ষণ বাবদ বরাদ্দ দেয়ার জন্য তিনি প্রস্তাব করেন। তাছাড়া উপজেলা কমপ্লেক্সের পুকুরে একটি প্রদর্শনীর জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

০৯। **শিক্ষা বিভাগ** : উপজেলা শিক্ষা অফিসার শিক্ষা বিভাগের পক্ষ থেকে মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অভিনন্দন জানান। তিনি জানান যে, শতভাগ বই বিতরণ করা হয়েছে।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অভিনন্দন জানান। তিনি আসন্ন এসএসসি ও দাখিল পরীক্ষায় সকলের সহযোগিতা কামনা করেন।

১১। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার সমাজসেবা বিভাগের পক্ষ থেকে মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অভিনন্দন ও শুভেচ্ছা জানান। তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১২। **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অভিনন্দন ও শুভেচ্ছা জানান। তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ** : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অভিনন্দন জানান। তিনি জানান যে, বিডাব্লিউডি কার্যক্রমের জুলাই-ডিসেম্বরের বরাদ্দ বিতরণ করা হয়েছে। নতুন বরাদ্দ এখনো আসে নাই।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : সহকারী প্রকৌশলী মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অভিনন্দন ও শুভেচ্ছা জানান। তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ** : অনুপস্থিত।

১৬। **যুব উন্নয়ন বিভাগ** : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অভিনন্দন জানান। তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৭। **বিবিধ : (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত** : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।



CamScanner

<u>সিদ্ধান্ত:</u> বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নে:</u> ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**<u>সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য</u> :** জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য মাননীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং জয় বাংলা বলে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২৪.১৬৮/১(৫০) তারিখঃ ১৫ জানুয়ারি, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী .................................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক .....................................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা ...........................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান .............................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম.................................. সদস্য...........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

উর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

**পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে**

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| উপস্থিত কর্মকর্তাঃ | অনুপস্থিত কর্মকর্তাঃ |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি, দক্ষিণ সুরমা,সিলেট<br>৭। উপজেলা শিক্ষা অফিসারের, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৫। ইউডিএফ, ইউজিডিপি, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট |



CamScanner